

সফটওয়্যারের কারুকাজ

কমান্ড প্রম্পটে নতুন ফিচার এনাবল করা

উইন্ডোজ ১০-এর নতুন কমান্ড প্রম্পট ব্যবহারকারীকে সুযোগ দেয় Ctrl+C বা Ctrl+V কমান্ড ব্যবহার করে অধিকতর সহজে কপি ও পেস্ট করার।

এ ফিচারকে অ্যাক্টিভেট করার জন্য কমান্ড প্রম্পট ওপেন করে টাইটেল বারে ডান ক্লিক করে 'Edit Options' সেকশনের অন্তর্গত enable the new features সিলেক্ট করুন।

একটি অ্যাপের ভিডিও রেকর্ড করা

আপনি এখন উইন্ডোজ ১০-এর গেম ডিভিআর (Game DVR) ফাংশন ব্যবহার করতে পারেন যেকোনো ওপেন অ্যাপের অথবা ডেস্কটপ সফটওয়্যারের ভিডিও রেকর্ড করার জন্য। এ জন্য Win + G চাপুন গেম বার ওপেন করার জন্য। এর রয়েছে একটি সার্কুলার Record বাটন। রেকর্ড করা ভিডিও সেভ হয় Video → Captures folder-এর অন্তর্গত।

লক্ষণীয়, এই রেকর্ডিংয়ের কারণে সিস্টেমের পারফরম্যান্স কমে যেতে পারে। অবশ্য এটি নির্ভর করে ডিম্যান্ড করা অ্যাপের ওপর।

এডিট ও ফটো শেয়ার করা

আপনি ইচ্ছে করলে বিল্টইন ফটোস (Photos) অ্যাপ ব্যবহার করতে পারেন সাধারণ ফটোর ড্রাগি ফিল্ড করার জন্য। আপনি ইমেজসমূহ সরাসরি ও তীক্ষ্ণ করতে পারেন এবং অ্যাপ্লাই করতে পারেন ফিল্টার ও ইফেক্ট। যদি আপনি সোশ্যাল অ্যাপ যেমন ফেসবুক অথবা টুইটার ইনস্টল করে থাকেন, তাহলে বন্ধু ও পরিবারের সদস্যদের সাথে ইমেজ শেয়ার করার জন্য ব্যবহার করতে পারবেন ফটোস নামের টুলটি।

ব্যাটারি রিপোর্ট জেনারেট করা

যদি আপনি ল্যাপটপের ব্যাটারির লেভেল চেক করে দেখতে চান, তাহলে অ্যাডমিনিস্ট্রেটিভ কমান্ড প্রম্পট চালু করুন। নিচের কমান্ডটি টাইপ করুন powercfg → energy → output C:\report.html। এ কমান্ড লাইনটি ব্যাটারি স্ট্যাটাস অ্যানালাইসিস করবে এবং সি (C:) ড্রাইভের রুট ডিরেক্টরিতে Power Efficiency Diagnostics Report তৈরি করবে।

একটি রিকোভারি ডিস্ক তৈরি করা

একটি ইউএসবি ড্রাইভ প্লাগইন করে মনোনীত করুন Start → Settings এবং Find a setting টেক্সট বক্সে 'recovery' টাইপ করে 'Create a recovery drive' অপশন সিলেক্ট করুন।

এটি একটি উইজার্ড চালু করবে, যা ইউএসবি ড্রাইভকে মুছে ফেলবে এবং এটিকে একটি রিকোভারি ড্রাইভে ট্রান্সফরম করবে।

ফখরুল ইসলাম খান
ধানমণ্ডি, ঢাকা

সিস্টেম ইমেজ তৈরি করা

উইন্ডোজ ১০-এ সিস্টেম ইমেজ তৈরি করতে চাইলে মনোনীত করুন Start → Settings-

এ। এরপর টেক্সট বক্সে 'file' টাইপ করে 'File History' টুল সিলেক্ট করুন। এবার নিচে বাম প্রান্তের 'System Image Backup' লিঙ্কে ক্লিক করুন উইজার্ড চালু করার জন্য। এটি ব্যাকআপ ইমেজ স্টোর করার জন্য ডেস্টিনেশন ড্রাইভ সিলেক্ট করার সুযোগ দেয়।

উইন্ডোজ ১০-এ

সাইনইন স্ক্রিন বাইপাস করা

সরাসরি উইন্ডোজ ১০-এ লগইন করার মাধ্যমে দ্রুতগতিতে সিস্টেম বুট করা যায়। এজন্য ইউজার অ্যাকাউন্ট উইন্ডো আনার জন্য সার্চ বারে 'netplwiz' টাইপ করুন।

Users ট্যাবে ডিসিলেক্ট করুন 'Users must enter a username and password to use this computer' অপশন।

প্রতি মিনিটেরে ডিসপ্লে সেট করা

যদি আপনার কমপিউটারের সাথে মাল্টিপল মিনিটের অ্যাটাচ থাকে তাহলে উইন্ডোজ ১০-এ কনফিগার করতে পারবেন বিভিন্ন ডিপিআই স্কেলিং অনুপাত।

এ জন্য ডেস্কটপে ডান ক্লিক করে Display settings-এ মনোনীত করুন, যা স্বতন্ত্রভাবে প্রতিটি শনাক্ত করা ডিসপ্লে কনফিগার করার সুযোগ করে দেয়।

গড মোড

গড মোড হলো একটি ওয়ান স্টপ প্যানেল, যা উইন্ডোজ ১০-এ সব কন্ট্রোল প্যানেল কমান্ড একত্রিত করে। ডেস্কটপে GodMode.{ED7BA470-8E54-46E5-825C-99712043E01C} নামে একটি ফোল্ডার তৈরি করে। এ ফোল্ডারটি তৈরি হওয়ার পর কন্ট্রোল প্যানেল আইকন পরিবর্তন হবে এবং নিজেই 'GodMode' হিসেবে নামাঙ্কিত হবে।

সর্বোচ্চ সিপিইউ পাওয়ার ব্যবহার করা

উইন্ডোজ ১০ চালিত আপনার ডেস্কটপ পিসির মূল প্রসেসরের সর্বোচ্চ শক্তি তথা পাওয়ার ব্যবহার করছেন, তা নিশ্চিত করতে পারেন Control Panel → Hardware and Sound → Power Options-এ মনোনীত করুন।

এবার Change Advanced Power Settings → Processor Power Management → Minimum Processor State-এ ক্লিক করুন এবং তা পরিবর্তন করে ১০০ শতাংশ করুন।

অ্যাডমিনিস্ট্রেটর অ্যাকাউন্ট এনাবল করা

বাইডিফল্ট বিল্টইন অ্যাডমিনিস্ট্রেটর অ্যাকাউন্ট ব্যবহারকারীর কাছে লুকানো থাকে। এটি এনাবল করার জন্য কমান্ড প্রম্পট চালু করুন অ্যাডমিনিস্ট্রেটর হিসেবে এবং net user administrator/active:yes টাইপ করুন। এবার লগআউট করুন নতুনভাবে যুক্ত করা লগইন স্ক্রিনে অ্যাডমিনিস্ট্রেটর অ্যাকাউন্ট দেখার জন্য।

শিউলি রহমান
পল্লবী, ঢাকা

মাইক্রোসফট ওয়ার্ডের কিছু টিপ

ওয়ার্ডে পূর্ববর্তী লোকেশন খুঁজে বের করা

বিশেষ করে যারা বড় ডকুমেন্ট নিয়ে কাজ করছেন, তাদেরকে মাঝে-মাঝে প্রয়োজনে কার্সরের আগের অবস্থানে জাম্প করে যেতে হয়, বিশেষ করে কোনো কিছু বন্ধ করা ও রিওপেন তথা আবার ওপেন করার পর। আপনার সেভ করা ডকুমেন্টে সবশেষ সময়ে কার্সর কোথায় ছিল, সেখানে জাম্প করে যাওয়ার জন্য Shift+F5 শর্টকাট ব্যবহার করতে পারেন।

এক ডকুমেন্টে বানান ও গ্রামার ভুল লুকানো

ওয়ার্ড ডকুমেন্টে সাধারণত ভুল বানান ও গ্রামাটিক্যাল ভুল হলে যথাক্রমে লাল ও সবুজ বর্ণের আন্ডারলাইন আবির্ভূত হয়। এর ফলে পেজ ক্রাটার হয়ে পড়ে। এভাবে আপনার ডকুমেন্টের পেজ ক্রাটার হোক এমনটি যদি না চান, তাহলে File মেনু ওপেন করে Options-এ ক্লিক করার পর Proofing-এ ক্লিক করুন। এরপর ডায়ালগ বক্সের নিচে Hide spelling errors in this document only এবং Hide grammar errors in this document only অপশন দুটিতে টিক দিন।

অনাকাঙ্ক্ষিত ফরম্যাটিং থেকে পরিব্রাণ পাওয়া

ভুল ফরম্যাটিং একটি ডকুমেন্টকে বিশৃঙ্খল করে ফেলতে পারে। Ctrl+Space ব্যবহার করুন অথবা Clear All Formatting (Home ট্যাবে একটি ইরেজার A-এর ওপর) বাটনে চাপুন হাইলাইট করা টেক্সট অংশ থেকে ফরম্যাট অপসারণ করার জন্য।

আবদুল ফাতাহ
গড়পাড়া, মানিকগঞ্জ

কারুকাজ বিভাগে লিখুন

কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকিটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপি সহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।

সেরা ৩টি প্রোগ্রাম/টিপসের লেখককে যথাক্রমে ১,০০০, ৮৫০ ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপস ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপসের লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।

এ সংখ্যায় প্রোগ্রাম/টিপসের জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে- ফখরুল ইসলাম খান, শিউলি রহমান ও আবদুল ফাতাহ।